# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৪১. দু’ জাতীয় বেচা-বিক্রি কিংবা দু’ভাবে পোশাক পরা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ بَيْعَتَيْنِ، وَعَنْ لِبْسَتَيْنِ، وَعَنْ صَلاَتَيْنِ: نَهَى عَنِ الصَّلاَةِ بَعْدَ الْفَجْرِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ، وَبَعْدَ الْعَصْرِ حَتَّى تَغْرُبَ الشَّمْسُ، وَعَنْ اشْتِمَالِ الصَّمَّاءِ، وَعَنِ الاحْتِبَاءِ فِيْ ثَوْبٍ وَاحِدٍ يُفْضِيْ بِفَرْجِهِ إِلَى السَّمَاءِ، وَعَنِ الْـمُنَابَذَةِ ، وَعَنِ الْـمُلاَمَسَةِ.

“রাসূল (সা.) নিষেধ করেন দু’ জাতীয় বেচা-বিক্রি, দু’ভাবে পোশাক পরা ও দু’ সময়ে নামায পড়া থেকে। তিনি নিষেধ করেন ফজরের পর নামায পড়তে যতক্ষণ না সূর্যোদয় হয় এবং আসরের পর নামায পড়তে যতক্ষণ না সূর্যাস্ত হয়। তিনি আরো নিষেধ করেন কাপড়ের একাংশ এক ঘাড়ে সেঁটে রেখে অন্য ঘাড় খালি রাখতে এবং এমনভাবে একটি কাপড় পুরো শরীরে পেঁচিয়ে রাখতে যাতে করে লজ্জাস্থানটি খোলাবস্থায় আকাশের রোদ্র পোয়াতে থাকে। তিনি আরো নিষেধ করেন কোন বস্ত শুধুমাত্র নিক্ষেপ এবং শুধুমাত্র হাতে ধরার ভিত্তিতেই বিক্রি করতে যাতে করে বস্তুটি ভালোভাবে দেখার কোন সুযোগই থাকে না”।[1]

>

## ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৫৮৪ মুসলিম, হাদীস ৮২৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11491

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন